



জুলাই সনদ বাস্তবায়নে সরকার অঙ্গীকারবদ্ধ: মাহদী আমিন



মাহদী আমিন। ছবি: সংগৃহীত

জুলাই সনদ বাস্তবায়নে সরকার দৃঢ় অবস্থানে রয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র ও উপদেষ্টা মাহদী আমিন। সরকারের ১০০ দিন পূর্তি উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

তিনি জানান, রাজনৈতিক সমঝোতার ভিত্তিতে স্বাক্ষরিত জুলাই সনদ বাস্তবায়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ এবং জনগণের কাছে দেওয়া অঙ্গীকার রক্ষায় সরকার দায়িত্বশীলভাবে কাজ করছে। পাশাপাশি আন্দোলনে অংশ নেওয়া ছাত্র-জনতার অবদান স্মরণে ‘জুলাই যোদ্ধাদের দায়মুক্তি আইন’ জাতীয় সংসদে পাস করা হয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

মাহদী আমিন বলেন, সরকারের বিভিন্ন অর্থনৈতিক পদক্ষেপের ফলে মূল্যস্ফীতি কমে ৮ দশমিক ৭১ শতাংশে নেমে এসেছে। জ্বালানি ও ভোজ্যেতেলের সরবরাহও স্বাভাবিক রাখা সম্ভব হয়েছে।

তিনি আরও বলেন, টেকনাফ থেকে তেঁতুলিয়া পর্যন্ত ইকোনমিক করিডোর বাস্তবায়নের প্রস্তুতি চলছে এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনালের কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে।

ঈদুল আজহা উপলক্ষে ঘরমুখো মানুষের যাত্রা নির্বিঘ্ন করতে বিশেষ ট্রেন ও নৌ-সার্ভিস চালুর কথাও জানান তিনি। পাশাপাশি নারীদের নিরাপদ ভ্রমণ নিশ্চিত করতে ট্রেনে আলাদা কম্পার্টমেন্টের ব্যবস্থাও রাখা হয়েছে বলে উল্লেখ করেন মাহদী আমিন।